কম্পিউটার ব্যবহারের নিয়মাবলী

কম্পিউটার ব্যবহারে ছাত্র-ছাত্রীদের নির্দেশিকা --- অ্যাবারডীন কলেজ

অ্যাবারডীন কলেজের ছাত্র-ছাত্রী হিসাবে আপনারা কলেজের কম্পিউটার ব্যবহারের নিয়মাবলী মেনে চলতে প্রতিশ্রুত হয়েছেন। এই নিয়মাবলীর একটি পরিপূর্ণ রূপ আপনারা পেতে পারেন আমাদের তথ্য-প্রযুক্তি-কেন্দ্রের অভ্যর্থনা কক্ষ (আই-টি-সেন্টার রিসেপশান) থেকে। এই নিয়মাবলী কোনোভাবে ভঙ্গ করলে আপনার বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ব্যবস্থা নেওয়া হতে পারে, যার ফলে আপনাকে হয়ত ভবিষ্যতে কম্পিউটার ব্যবহার নাও করতে দেওয়া হতে পারে অথবা আপনাকে কলেজ থেকে বহিষ্কৃত করাও হতে পারে। এই নিয়মভঙ্গের সঙ্গে সঙ্গে যদি আপনি আইনও ভঙ্গে করে থাকেন, সে ক্ষেত্রে পুরো ঘটনাটিকে আমরা পুলিসের কাছে জানাতে বাধ্য থাকব।

কলেজের শিক্ষার মান বজায় রাখতে এবং কম্পিউটার সুবিধার অপব্যবহার ঠেকাতে কলেজ কর্তৃপক্ষ কম্পিউটার ব্যবহারের উপর নজরদারি করতে পারেন।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :
টেলিফোন: 01224 612330 • ফ্যাক্স: 01224 612001
ই-মেল: enquiry@abcol.ac.uk • www.abcol.ac.uk
ABERDEENCOLLEGE, Gallowgate Centre, Gallowgate, Aberdeen AB25 1BN

BENGALI

নিচে এই কলেজ ও অন্যান্য কম্পিউটার ব্যবহারকারীদের প্রতি আপনার কর্তব্যের এক সংক্ষিপ্ত নির্দেশিকা দেওয়া হল :

চ্যাট রুমের অতিরিক্ত ব্যবহার

মনোরঞ্জনের উপায় হিসাবে চ্যাট রুমের ব্যবহার যেমন জনপ্রিয় তেমনই এতে অযথা সময় নষ্টের সঙ্গে সঙ্গে এটা দেখা যায় যে এই কম্পিউটারগুলি সঠিক কাজে ব্যবহার করা যায় না। তাই চ্যাট রুম ও মেসেঞ্জার সার্ভিসের (যেমন MSN) ব্যবহার আমরা অনুমোদন করছি না, যদি না তা ক্লাসের শিক্ষার অঙ্গ হয়।

ইউজার আই-ডি ও পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা

আপনার শিক্ষাক্রমের অংশ হিসাবে আপনাকে বিশেষ একটি ব্যবহারিক নাম (ইউজার নেম/আই-ডি) ও তৎসহ একটি সাংকেতিক শব্দ (পাসওয়ার্ড) দেওয়া হবে, এটি আপনারই দায়ীত্ব তাকে গোপন রাখা। অন্য ছাত্র-ছাত্রীদের এই আই-ডি বা পাসওয়ার্ড ব্যবহার করতে দেবেন না। আপনারা নিজেও অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গের ইউজার আই-ডি ও পাসওয়ার্ড ব্যবহার করবেন না। অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গের ইউজার আই-ডি ও পাসওয়ার্ড ব্যবহার করে তাদের কাজে ক্ষতি করবেন না বা তা নষ্ট বা বদল করবেন না।

বৈদ্যুতিন ডাক (ই-মেল)

আপনার শিক্ষাক্রমের অংশ হিসাবে আপনাকে বৈদ্যুতিন ডাক (ই-মেলের) সুবিধা দেওয়া হতে পারে। আমাদের ই-মেল ব্যবস্থায় আপনাকে একটি ডাকবাক্স বা মেলবক্স দেওয়া হবে যা শুধুমাত্র আপনার ব্যবহারের জন্য থাকবে। অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গদের আপনার মেলবক্স ব্যবহার করতে দেবেন না। অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গদের অনুমতি ছাড়া তাদের বৈদ্যুতিন ডাক পড়বেন না। ক্লাসের পড়ার বা সময়ের ক্ষতি না করে এবং যদি আপনার ই-মেলগুলিতে আপত্তিকর কিছু না থাকে তবে আপনি এই বৈদ্যুতিন-ডাক-ব্যবস্থা ব্যক্তিগত কাজে ব্যবহার করতে পারেন।

কম্পিউটার গেম সম্মন্ধে

কিছু শিক্ষাক্রমের ভিতরে কম্পিউটারে খেলা (অর্থাৎ কম্পিউটার গেম) একটি অংশ হতে পারে। এছাড়াও কিছু শিক্ষামূলক বিষয় এই গেমের আকারে পাওয়া যায়। এইসব ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার করা যেতে পারে। কিন্তু চ্যাট রুমের মতনই, শুধুমাত্র গেম খেলার জন্য কম্পিউটারের ব্যবহারকে অনুমোদন করা যায় না, কারণ এতে কম্পিউটারগুলি যেমন ব্যস্ত থাকে তেমনিই তাদেরকে অন্য কোন ভাল কাজে ব্যবহার করা যায় না। নির্দিষ্ট শিক্ষাগত কারণ ছাড়া তাই কম্পিউটারে গেম খেলা পুরোপুরি নিষিদ্ধ।

অনুমোদন ছাড়া প্রবেশ বা হ্যাকিং

কলেজের অন্যান্য বিভিন্ন কম্পিউটারে বা অন্তর্জালের (ইন্টারনেট) মাধ্যমে অন্যান্য কম্পিউটার অনুমোদন ছাড়া প্রবেশ করবেন না।

আপত্তিকর বস্তু-সকল

অন্তর্জাল বা ইন্টারনেট ব্যবহার করে আপত্তিকর জিনিসপত্র দেখবেন না বা তা ডাউনলোড করবেন না, তা পড়বেন না বা স্ক্রিন সেভারের জন্য তা জমিয়ে রাখবেন না। এই আপত্তিকর বস্তুর তালিকাভভুক্ত হবে সেইসব জিনিসপত্র ---- যা জাতি বিদ্বেষের জন্ম দেয়, যা যৌন আবেদনমূলক, যা ধর্মীয় অসহিষ্ণুতা শেখায়, যা হোমোফোবিয়া তৈরী করে, যা রাজনৈতিক দ্বন্দ্বের জন্ম দেয় অথবা যা নগ্ন, অশ্লীল ও যৌনতায় পরিপূর্ণ কিম্বা যাতে মাত্রাতিরিক্ত খোলামেলা কথোপকথন আছে।

সফটওয়ারের ডাউনলোড

ইন্টারনেট বা অন্তর্জাল থেকে প্রাপ্ত সফটওয়ার কলেজের কম্পিউটারে ডাউনলোড করবেন না বা তা এই কম্পিউটারগুলিতে তা লাগাবেন না (ইনস্টল করবেন না), যদি না তা আপনাদের শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত হয়। এই ক্ষেত্রে আপনাদের অধ্যাপক/অধ্যাপিকা এ বিষয়ে পূর্বানুমতি নিয়ে রাখবেন। অন্যান্য জায়গা (যেমন বন্ধুসূত্রে বা কম্পিউটার পত্রিকা) থেকে প্রাপ্ত সফটওয়ারের ক্ষেত্রেও একই নিয়ম প্রজোয্য হবে। যদি আপনাদের মনে হয় যে শিক্ষাক্রম ও কলেজে দেওয়া সফটওয়ারগুলির বাইরে অন্য কোনো সফটওয়ার আপনার কাজে লাগতে পারে তবে তা আমাদের জানান সরাসরী (আমাদের তথ্য-প্রযুক্তিতে নিযুক্ত কর্মচারীদেরকে) অথবা মতামত-বক্সের মাধ্যমে।

ওয়েব পেজ

আপনাদের শিক্ষার অঙ্গ হিসাবে যে সব ওয়েব পেজগুলি অন্তর্জালে পাঠানো হবে তা অবশ্যই আপনাদের অধ্যাপক/অধ্যাপিকার কাছে দেখিয়ে নিতে হবে। অনুমোদন ছাড়া কোনো পেজই অন্তর্জালে পাঠানো যাবে না।

সত্ত্বাধিকার সম্মন্ধীয়

সত্ত্বাধিকারীর আগাম ও লিখিত অনুমতি ছাড়া যে সব জিনিসপত্রের সত্ত্ব সংরক্ষিত আছে তা ব্যবহার করবেন না। যদি আপনারা না জানেন কীভাবে এই অনুমতি পাওয়া যাবে তবে যোগাযোগ করুন আপনাদের অধ্যাপক/অধ্যাপিকার সঙ্গে।

অন্তর্জালে সঠিক আচরণ বা নেটিকেট

অন্তর্জালে ভাল আচরণের জন্য আছে নেটিকেট। শিক্ষাক্রমের অংশ হিসাবে হয়ত আপনারা এই নেটেকেট শিখবেন। কিন্তু সাধারণত অন্তর্জালে অন্যান্য ব্যক্তিবর্গের প্রতি আপনাকে ভদ্রতা বজায় রাখতে হবে। আক্রমণাত্মক ভাষার ব্যবহার করবেন না, আপনার ব্যবহারে যেন কোনোভাবেই অপর ব্যক্তি না আহত হন বা রেগে যান। অন্তর্জালে কখনই খারাপ ভাষা ব্যবহার করবেন না।

ভাইরাস (কম্পিউটারের পক্ষে ক্ষতিকারক প্রোগ্রামসমূহ)

ইচ্ছাকৃতভাবে কলেজের কম্পিউটারে ভাইরাস ঢোকাবেন না। সেইসব ডিস্ক, যেখানে ভাইরাস থাকতে পারে তার ব্যবহার করবেন না। আপনি যে কম্পিউটারে কাজ করছেন তাতে যদি ভাইরাস ঢুকে থাকতে পারে বলে সন্দেহ হয় তবে তা অবিলম্বে সংশ্লিষ্ট কলেজ কর্মীদের কাছে জানান।

নিরাপদে সার্ফিং করুন

আপনাদের সুরক্ষার জন্যই, আপনারা যেমন আপনাদের ব্যক্তিগত তথ্যাদি (যেমন বাড়ির ঠিকানা, টেলিফোন নম্বর ইত্যাদি) অন্তর্জালে জানাবেন না, তেমনিই অন্যান্য ব্যক্তি বা ব্যক্তিবর্গের সম্মন্ধে ব্যক্তিগত তথ্যাদি জানাবেন না। যদি আপনার মনে হয়ে যে আপনাকে ইচ্ছাকৃতভাবে হেনস্থা করা হচ্ছে তবে তা অবিলম্বে আপনার অধ্যাপক/অধ্যাপিকা অথবা আমাদের তথ্য-প্রযুক্তিতে নিযুক্ত কর্মীদের জানান। যদি সম্ভব হয় তবে সেইসব ই-মেলের প্রমাণ সংগ্রহ করে রাখবেন।

অন্তর্জালে তথ্যের নির্ভরযোগ্যতা

অন্তর্জালে তথ্যের নির্ভরতা সতত পরিবর্তনশীল ---- অন্তর্জালে প্রাপ্ত তথ্যের নির্ভরতার ব্যপারে যদি আপনি নিশ্চিত না হন তবে যোগাযোগ করুন আপনার অধ্যাপক/অধ্যাপিকার সাথে। অন্তর্জাল থেকে প্রাপ্ত তথ্যাদি আপনারা ব্যবহার করবেন আপনাদের দায়ীত্বে।

সফটওয়ারের চুরি

ব্যক্তিগত প্রয়োজনে, বিক্রি করতে বা অদল-বদল জন্য কোনোভাবেই আপনারা কলেজের কম্পিউটার থেকে সফটওয়ার নকল করে নিয়ে যেতে পারবেন না।

যদি কখনও আপনার মনে হয় যে কলেজের কোনো আইন ভঙ্গ করা হচ্ছে বা হয়েছে তবে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে জানান।